গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়
৭১-৭২ পুরাতন এলিফ্যান্ট রোড, ইস্কাটন গার্ডেন, রমনা, ঢাকা
সংসদ ও সমন্বয়-শাখা

বিষয় ঃ আগস্ট/২০১৬ মাসের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী।

| | | |
|---|---|---|
| সভাপতি | : | বেগম শামছুন নাহার<br>সচিব<br>প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়। |
| সভার তারিখ ও সময় | : | ২৯-০৯-২০১৬ খ্রিঃ, বেলা ০২.০০ ঘটিকা। |
| সভার স্থান | : | মন্ত্রণালয়ের সভাকক্ষ। |
| সভায় উপস্থিত কর্মকর্তাবৃন্দ | : | পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য। |

সভাপতি উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন। সভার শুরুতে গত ২৯-০৮-২০১৬ তারিখে অনুষ্ঠিত মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী পাঠ করা হয়। কোন সংশোধনী না থাকায় কার্যবিবরণীটি দৃঢ়ীকরণ করা হয়। অতঃপর সভায় নিম্নবর্ণিত বিষয়সমূহ বিস্তারিত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

**আলোচনা ও সিদ্ধান্ত** ঃ

| আলোচ্য বিষয় | গত সভার সিদ্ধান্ত | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| **১.১ বার্ষিক কর্মসম্পাদন চুক্তি** | বিগত বছরের বার্ষিক কর্ম সম্পাদন চুক্তি বাস্তবায়নে যে সকল দূর্বলতা চিহ্নিত হয়েছে, তার পুনরাবৃত্তি যেন না হয় সেদিকে সকলকে সতর্ক ভূমিকা পালন করতে হবে। | উপসচিব (বাজেট) ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা বলেন, এ অর্থ বছরে বার্ষিক কর্ম সম্পাদন চুক্তি বাস্তবায়নের লক্ষ্যে বেশ কিছু প্রশিক্ষণ ও সভা অনুষ্ঠিত হয়েছে। ৩ সদস্য বিশিষ্ট একটি টেকনিক্যাল কমিটি গঠন করা হয়েছে, যাঁরা ২০১৬-১৭ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি পুঙ্খানুপুঙ্খভাবে পরীক্ষা-নিরীক্ষা করেছেন। পরবর্তীতে সচিব মহোদয়ের নির্দেশনা মোতাবেক সকল কর্মকর্তার মধ্যে দায়িত্ব বিভাজন করে দেয়া হয়েছে।<br>মহাপরিচালক, বিএমইটি বলেন, অধীনস্থ সকল দপ্তর (আইএমটি, টিটিসি, ডিইএমও, শিক্ষানবিসি প্রশিক্ষণ দপ্তর ও বিভাগীয় কর্মসংস্থান ও জনশক্তি অফিস) এর সাথে ৩০.০৬.২০১৬ খ্রিঃ তারিখ বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA) ২০১৬-২০১৭ স্বাক্ষরিত হয়েছে।<br>২৯.০৮.২০১৬খ্রিঃ তারিখে বিএমইটির অধীনস্থ সকল ডিইএমও এবং টিটিসি'র প্রধানদের নিয়ে বিদেশ গমনেচ্ছু কর্মী বাছাই ও প্রশিক্ষণ, ফিঙ্গারপ্রিন্ট ও বহির্গমন ছাড়পত্র প্রদান কার্যক্রম বিকেন্দ্রীকরণ, বার্ষিক কর্মসম্পাদন চুক্তি( APA), শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন ও ইনোভেশন সেবা সহজীকরণ ইত্যাদি যাবতীয় বিষয়ে গত ২৯/০৮/২০১৬ইং তারিখে Workshop অনুষ্ঠিত হয়েছে। | ১। নির্ধারিত দায়িত্ব অনুযায়ী সকল কর্মপরিকল্পনা বাস্তবায়ন করতে হবে।<br>২। দপ্তর/সংস্থার সকল কর্মকর্তার মধ্যে এ মন্ত্রণালয়ের অনুসরণে দায়িত্ব বন্টন করে দিতে হবে। | ১। সকল কর্মকর্তা<br>২। দপ্তর/সংস্থা (সকল) |
| | বার্ষিক কর্মসম্পাদন চুক্তি মোতাবেক ২০১৬-১৭ অর্থবছরের নির্ধারিত কর্মপরিকল্পনা বাস্তবায়নে দায়িত্বপ্রাপ্ত সকল কর্মকর্তা ব্যক্তিগতভাবে দায়বদ্ধ থাকবেন। | ফোকাল পয়েন্ট কর্মকর্তা বলেন, সিদ্ধান্ত মোতাবেক ২০১৬-১৭ অর্থবছরের নির্ধারিত কর্মপরিকল্পনা বাস্তবায়নে সকল কর্মকর্তাকে দায়িত্ব নির্ধারণ করে দেয়া হয়েছে। ইতোমধ্যে মন্ত্রণালয়ের উইং প্রধানগণ নিজ নিজ উইংয়ের সাথে সম্পৃক্ত কর্মপরিকল্পনা বিষয়ে সভা করেছেন। ২০১৬-১৭ অর্থ বছরের ১ম ত্রৈমাসিক প্রতিবেদন সময়মত প্রেরণের জন্য অনুরোধ করা হলো। | নির্ধারিত সময়ের মধ্যে সকল প্রতিবেদন প্রেরণ নিশ্চিত করতে হবে। | অনুবিভাগ প্রধান (সকল) ও দপ্তর/সংস্থা |

| আলোচ্য বিষয় | গত সভার সিদ্ধান্ত | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| **১.২ ৭ম পঞ্চবার্ষিকী পরিকল্পনা** | ক) বার্ষিক কর্মসম্পাদন চুক্তি এর মত ৭ম পঞ্চবার্ষিকী পরিকল্পনা বাস্তবায়নের লক্ষ্যে সংশ্লিষ্ট সকল কর্মকর্তাকে দায়িত্ব প্রদান করতে হবে।<br><br>খ) সামাজিক নিরাপত্তা কর্মসূচী বিষয়ক প্রকল্প গ্রহণ করতে হবে। | অতিরিক্ত সচিব (প্রশাসন) বলেন, ইস্যুভিত্তিক ফোকালপয়েন্ট কর্মকর্তাদের সঙ্গে ইতোমধ্যে একটি সভা করা হয়েছে। এপিএ, এসডিজি, ৭ম পঞ্চবার্ষিকী পরিকল্পনা, মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনাসহ সকল গুরুত্বপূর্ণ ইস্যুকে নিয়ে একটি কম্প্রিহেনসিভ এ্যাকশন প্ল্যান প্রস্তুতপূর্বক সংশ্লিষ্ট সকল কর্মকর্তার মাঝে দায়িত্ব নির্ধারণ করে একটি ম্যাট্রিক্স তৈরির প্রয়োজনীয়তা রয়েছে। উপপ্রধান জনাব আলী রেজা বলেন, Comprehensive Action Plan এর মধ্যে IPOA বিষয়টি সংযুক্ত করে দায়িত্ব নির্ধারণ করা হলে মন্ত্রণালয়ের লক্ষ্য অর্জন সহজতর হবে।<br><br>উপসচিব (কল্যাণ) ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা NSSS জানান যে, এ মন্ত্রণালয়ের জন্য গঠিত NSSS কমিটির একটি অবহিতকরণ সভা শীঘ্রই অনুষ্ঠিত হবে। উক্ত সভায় এ মন্ত্রণালয়ের ইতোমধ্যে গৃহীত প্রকল্পের মধ্য হতে যে সকল প্রকল্প NSSS এর অন্তর্ভূক্ত করা যায় তা পর্যালোচনা করা হবে এবং ভবিষ্যতে NSSS এর আওতায় নতুন প্রকল্প গ্রহণের বিষয়টিও পর্যালোচনা করা হবে। | ১। ইস্যুভিত্তিক ম্যাট্রিক্স প্রস্তুতপূর্বক দায়িত্ব বিভাজন তালিকা সকল কর্মকর্তার নিকট প্রেরণ করতে হবে।<br><br>২। NSSS কমিটির একটি অবহিতকরণ সভা অতিসত্ত্বর আয়োজন করে পরবর্তী সমন্বয় সভায় তার অগ্রগতি অবহিত করতে হবে। | অতিরিক্ত সচিব (প্রশাসন)<br><br>২। ফোকাল পয়েন্ট কর্মকর্তা (NSSS) |
| | পিছিয়ে পরা জেলাগুলো থেকে ৫% কর্মী নির্বাচনের বিষয়ে প্রজ্ঞাপন জারীর ব্যবস্থা গ্রহণ করতে হবে। | যুগ্মসচিব (কর্মসংস্থান ও শ্রমবাজার গবেষণা) সভাকে জানান, পূর্বে মঙ্গাপীড়িত জেলাগুলো থেকে ৪% কর্মী নির্বাচন বিষয়ে একটি প্রজ্ঞাপন জারী করা হয়েছিল। সেক্ষেত্রে এই হার বৃদ্ধি করে ৫% করা যেতে পারে। তবে, পিছিয়ে থাকা জেলার সংজ্ঞা নির্ধারণ করা প্রয়োজন। কেননা পিছিয়ে থাকা জেলা বলতে অভিবাসনে পিছিয়ে থাকা কিংবা অর্থনৈতিক ভাবে পিছিয়ে থাকা জেলা বোঝায় কিনা তা নির্ধারণ করা না হলে প্রজ্ঞাপন জারী প্রশ্নবিদ্ধ হবে। উপসচিব (এনফোর্সমেন্ট) জানান, পূর্বের কুড়িগ্রাম ছিট মহলের যে সকল জনগণকে অভিবাসনের জন্য নির্বাচিত করে প্রশিক্ষণ দেয়া হয়েছিল, তাদের অনেকেই বিদেশে যেতে আগ্রহী নন। সভায় উপস্থিত সকল কর্মকর্তাবৃন্দ এ বিষয়ে কোন নীতিমালা করা যায় কিনা সে বিষয়ে প্রস্তাব করেন। সভাপতি বলেন, প্রজ্ঞাপনের বিষয়টি কার্যকর করার পূর্বে একটি কমিটি করা যেতে পারে। অতিরিক্ত সচিব (প্রশাসন)কে তিনি এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানান। | স্টেক হোল্ডারদের সমন্বয়ে একটি সভা করে এ বিষয়ে প্রয়োজনীয় সিদ্ধান্ত গ্রহণ করতে হবে। তারপরে প্রজ্ঞাপন জারী করতে হবে। | অতিরিক্ত সচিব (প্রশাসন) |
| ২.১. ইনোভেশন কমিটির কার্যক্রম | ক) স্বল্পতম সময়ের মধ্যে অনলাইনে সিআইপি আবেদনের সকল প্রক্রিয়া সম্পন্ন করতে হবে।<br><br>খ) ওয়েব সাইটে মন্ত্রণালয় ও দপ্তর/সংস্থার উল্লেখযোগ্য কার্যক্রমের তথ্যাদি আবশ্যিকভাবে আপলোড করতে হবে। | যুগ্মসচিব (বাজেট) জানান,অনলাইনে সিআইপি আবেদনের কার্যক্রম ত্বরান্বিত করার লক্ষ্যে আইটি শাখা সফটওয়্যার ডেভেলপ করার বিষয়ে কার্যক্রম গ্রহণের জন্য একটি রিকুইজিশন প্রেরণ করেছে। এ বিষয়ে ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে। অতিরিক্ত সচিব (প্রশাসন) জানান, অনলাইনে সিআইপি আবেদন গ্রহণ সংক্রান্ত সেবাটি মন্ত্রণালয়ের জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ। নির্ধারিত সময়ের মধ্যে এই অনলাইন সেবাটি চালু করতে না পারলে মন্ত্রণালয়ের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০১৬-১৭ তে নেতিবাচক প্রভাব পড়বে।<br><br>ইনোভেশন কমিটির সদস্য সচিব জানান, দপ্তর/সংস্থার জন্য নির্ধারিত উদ্ভাবনী কর্ম পরিকল্পনাসমূহ এ বছরের ডিসেম্বর মাসের মধ্যেই | ক) দ্রুততম সময়ের মধ্যে অন লাইনে সিআইপি আবেদন গ্রহণের সকল প্রক্রিয়া সম্পন্ন করতে হবে।<br><br>খ) দপ্তর/সংস্থার নির্ধারিত উদ্ভাবনী কর্ম পরিকল্পনার যে অংশ ডিসেম্বরের মধ্যে বাস্তবায়নযোগ্য তা সম্পন্ন করতে হবে এবং এ বিষয়ে মনিটরিং জোরদার করতে হবে। | ক) যুগ্মসচিব (বাজেট) ও সহকারী প্রোগ্রামার, আইটি সেল<br><br>খ) দপ্তর/সংস্থা (সকল) |

| আলোচ্য বিষয় | গত সভার সিদ্ধান্ত | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| | | বাস্তবায়ন করতে হবে। তিনি দপ্তর/ সংস্থা প্রধানগণকে এ বিষয়ে মনিটরিং জোরদার করার অনুরোধ জানান। তিনি আরও জানান, প্রধানমন্ত্রীর কার্যালয়ের এটুআই প্রোগ্রামের প্রতিনিধিগণ অনলাইন ল্যাঙ্গুয়েজ ট্রেনিং বিষয়ে এ মন্ত্রণালয়ের ইনোভেশন কমিটির সাথে অতি শীঘ্রই একটি সভা করবে। অতিরিক্ত সচিব (প্রশাসন) ও ইনোভেশন কমিটির সভাপতি বলেন, ইনোভেশন কমিটির সভায় দপ্তর/সংস্থা থেকে উপযুক্ত প্রতিনিধি প্রেরণ করা উচিত। এর ফলে সভায় গৃহীত সিদ্ধান্তের বিষয়ে দ্রুত ব্যবস্থা গ্রহণ সম্ভব। সভাপতি বলেন, দেশে ও বিদেশে কোন সভা/ ওয়ার্কশপ/ সেমিনারে অংশগ্রহণ করার পর ফিরে এসে মন্ত্রণালয়ের করণীয় সম্পর্কে তাৎক্ষণিক ব্যবস্থা গ্রহণ করলে কাজের গতিশীলতা বৃদ্ধি পায় এবং একই সাথে মন্ত্রণালয়ের ভাবমূর্তি উজ্জ্বল হয়। তিনি সকলকে এ বিষয়ে আরও দায়িত্বশীল হওয়ার অনুরোধ জানান।<br><br>সভাপতি ওয়েব সাইট হালনাগাদ বিষয়ে বলেন, প্রতিমাসে কি কি তথ্য ওয়েব সাইটে আপলোড করা হলো এবং সংশোধন করা হলো তার একটি প্রতিবেদন সমন্বয় শাখায় নিয়মিত প্রেরণ করতে হবে। একই সাথে কোন নতুন কর্মকর্তা যোগদান করলে তাঁর প্রয়োজনীয় তথ্যাদি একটি ছকের মাধ্যমে সংগ্রহ করে তাৎক্ষণিকভাবে ওয়েব সাইটে হালনাগাদ করতে হবে। | গ) সভা/সেমিনার/ওয়ার্কশপে অংশগ্রহণের পর দ্রুততম সময়ের মধ্যে এ মন্ত্রণালয়ের করণীয় সম্পর্কে সচিবকে অবহিত করতে হবে।<br><br>ঘ) প্রতিমাসে ওয়েব সাইটে আপলোডকৃত এবং সংশোধনকৃত তথ্যের মাসিক প্রতিবেদন সমন্বয় শাখায় প্রেরণ করতে হবে। | গ) সকল কর্মকর্তা<br><br>ঘ) সহকারী প্রোগ্রামার, আইটি শাখা |
| | অনলাইনে ভিসা চেকিং এ্যাপসটির উন্নয়ন কাজ ত্বরান্বিত করতে হবে এবং এ্যাপসটি সকল ডিজিটাল সেন্টারে প্রেরণসহ ব্যাপক প্রচার করতে হবে। | মহাপরিচালক, বিএমইটি বলেন, অনলাইনে ভিসা চেকিং এ্যাপসটির উন্নয়নে এ্যাপসের উদ্ভাবককে নির্দেশনা দেয়া হয়েছে। তিনি জানান, 'ভিসা যাচাই' এ্যাপস টি গুগল প্লে স্টোর হতে ডাউনলোড করে অনলাইনে সিঙ্গাপুর, কাতার, বাহরাইন, আরব আমিরাত, সৌদি আরবের ভিসা যাচাই করা যাচ্ছে। অ্যাপসটি আরও কার্যকর করতে এর উন্নয়ন কাজ এটুআইয়ের সহায়তায় চলমান রয়েছে। তিনি আরও জানান, এই এ্যাপসটি আনুষ্ঠানিকভাবে উদ্বোধন করার পর সকল ডিজিটাল সেন্টারে প্রেরণ করা হবে | এ্যাপসটি আনুষ্ঠানিকভাবে উদ্বোধন করার পর স্বল্পতম সময়ের মধ্যে সকল ডিজিটাল সেন্টারে প্রেরণ করতে হবে। | মহাপরিচালক, বিএমইটি |
| ২.২. মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা বাস্তবায়ন মনিটরিং | ক) মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনাসমূহের সর্বশেষ বাস্তবায়ন অগ্রগতি প্রতি সমন্বয় সভায় অবহিত করতে হবে।<br><br>খ) মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা বাস্তবায়নের সাথে সম্পৃক্ত সকল কর্মকর্তাকে নিজ নিজ দায়িত্ব নির্ধারণ করে দিতে হবে। | উপসচিব (প্রশাসন) জানান, সর্বশেষ গত ০৭/০৮/২০১৬ তারিখ অতিরিক্ত সচিব (প্রশাসন) এর সভাপতিত্বে মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা বাস্তবায়ন সংক্রান্ত সভা অনুষ্ঠিত হয়। ইতোমধ্যে সংশ্লিষ্ট সকল কর্মকর্তার মধ্যে দায়িত্ব নির্ধারণ করে দেয়া হয়েছে। এমতাবস্থায়, এ বিষয়ে সিদ্ধান্ত (খ)টি বাস্তবায়িত হিসেবে বিবেচনা করা যেতে পারে। | মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনাসমূহের সর্বশেষ বাস্তবায়ন অগ্রগতি প্রতি সমন্বয় সভায় অবহিত করতে হবে। | প্রশাসন অনুবিভাগ ও দপ্তর/সংস্থা (সকল) |
| | গ) গৃহকর্মীদের জন্য আবাসিক প্রশিক্ষণ বাধ্যতামূলক করা যায় কি-না এবং কারিগরি প্রশিক্ষণ কেন্দ্রসমূহের নিকটবর্তী সুবিধাজনক ভবনগুলোতে ভাড়া ভিত্তিতে আবাসিক | বিএমইটি'র মহাপরিচালক জানান, গৃহকর্মী (হাউজকিপিং) পেশায় প্রশিক্ষণ কার্যক্রম শতভাগ আবাসিক প্রশিক্ষণ নিশ্চিত করার লক্ষ্যে ঢাকার টিটিসিসমূহে আগামী ৭ দিনের মধ্যে অন্ততঃ ১০০/২০০ প্রশিক্ষণার্থীর ধারণক্ষমতা সম্পন্ন পুরো একটা বাড়ী ভাড়া করার সিদ্ধান্ত গৃহীত হয়। যা টিটিসির এক্সটেনশন হোস্টেল হিসেবে বিবেচিত | ঢাকাস্থ কারিগরি প্রশিক্ষণ কেন্দ্রগুলোতে আবাসিক প্রশিক্ষণ চালু করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | মহাপরিচালক, বিএমইটি |

| আলোচ্য বিষয় | গত সভার সিদ্ধান্ত | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| | প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনা করা যায় কিনা সে বিষয়ে করণীয় সম্পর্কে মহাপরিচালক, বিএমইটি তাঁর মতামত জানাবেন। | হবে। তিনি আরও বলেন, ঢাকাস্থ ৩টি প্রশিক্ষণ কেন্দ্র ব্যতীত সকল জেলা প্রশিক্ষণ কেন্দ্রে আবাসিক প্রশিক্ষণ চলমান আছে। সম্প্রতি বগুড়া কারিগরি প্রশিক্ষণ কেন্দ্রে পরিচালিত আবাসিক প্রশিক্ষণ কার্যক্রম পরিদর্শন করা হয়েছে। ঢাকায় আবাসিক প্রশিক্ষণ সম্প্রসারণের সবাত্মক প্রচেষ্টা অব্যাহত আছে। | | |
| | ঘ) কাতারে অন্যান্য পেশায় নারী কর্মী প্রেরণে সর্বশেষ গৃহীত পদক্ষেপ সম্পর্কে জানাতে হবে। | যুগ্মসচিব, কর্মসংস্থান ও শ্রমবাজার গবেষণা বলেন, ৩ মার্চ ২০১৬ কাতারের সাথে ঢাকায় অনুষ্ঠিত জয়েন্ট কমিটি মিটিংয়ে কাতারে বাংলাদেশ হতে বিক্রয়কর্মী, হোটেল স্টাফ, শিক্ষক, বিমান বালা, রেল যোগাযোগ, স্বাস্থ্যসেবা প্রভৃতি খাতে বাংলাদেশী মহিলা কর্মী গ্রহণের বিষয়ে কাতার কর্তৃপক্ষ আগ্রহ প্রকাশ করে। উক্ত মিটিংয়ের কার্যবিবরণীটি এ মন্ত্রণালয়ের সচিব মহোদয়ের স্বাক্ষরের পর কাতার কর্তৃপক্ষের নিকট স্বাক্ষরের জন্য প্রেরণ করা হয়েছে। | কাতারে অন্যান্য পেশায় নারী কর্মী প্রেরণে সর্বশেষ গৃহীত পদক্ষেপ সম্পর্কে জানাতে হবে। | যুগ্মসচিব, কর্মসংস্থান ও শ্রমবাজার গবেষণা |
| ২.৩. অডিট আপত্তি সংক্রান্ত | অডিট আপত্তি নিষ্পত্তির লক্ষ্যে এ মন্ত্রণালয়ের গৃহীত কার্যক্রমের সকল ডকুমেন্ট/তথ্যাদি সচিব বরাবর উপস্থাপন করতে হবে। | উপসচিব (বাজেট) সভাকে জানান, অডিট আপত্তি নিষ্পত্তির লক্ষ্যে এ মন্ত্রণালয়ের গৃহীত কার্যক্রমের সকল ডকুমেন্ট/তথ্যাদি সচিব বরাবর উপস্থাপন করা হয়েছে। তিনি আরও বলেন মন্ত্রণালয়ের ২০টি অডিট আপত্তির মধ্যে ৭টি অডিট আপত্তি ইতোমধ্যে নিষ্পত্তি হয়েছে। আগামী ০৯/১০/২০১৬ তারিখে অডিট অধিদপ্তরের সাথে এ বিষয়ে সভা অনুষ্ঠিত হবে। আলোচনার মাধ্যমে ৫০% এর বেশী নিষ্পত্তি হবে মর্মে তিনি আশাবাদ ব্যক্ত করেন। তিনি আরও জানান, বিএমইটি'র অনিষ্পন্ন অডিট আপত্তির জবাব পাওয়া গেলে তা অডিট অধিদপ্তরে প্রেরণ করা হবে। তিনি সকল দপ্তর/সংস্থাকে মাসিক সমন্বয় সভার পূর্বে অডিট আপত্তির যে তথ্য সমন্বয় শাখায় প্রেরণ করা হয় তার একটি অনুলিপি তাঁর দপ্তরে প্রেরণের অনুরোধ জানান। | ক) বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০১৬-১৭ এর নির্ধারিত লক্ষ্যমাত্রা অনুযায়ী অডিট আপত্তি নিষ্পত্তি করতে হবে।<br><br>খ) অডিট সংক্রান্ত তথ্যাদির মাসিক প্রতিবেদন সমন্বয় শাখা ও বাজেট অধিশাখায় নিয়মিত প্রেরণ করতে হবে। | ক) উপসচিব (বাজেট)<br><br>খ) দপ্তর/সংস্থা |
| ২.৪ ভিজিলেন্স টাস্কফোর্স এর কার্যক্রম পরিচালনা | ২ জন কর্মকর্তাকে মোবাইল কোর্ট পরিচালনার ক্ষমতা প্রদানের লক্ষ্যে জনপ্রশাসন মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করতে হবে। | যুগ্মসচিব, মনিটরিং ও এনফোর্সমেন্ট জানান, জুলাই থেকে আগস্ট ২০১৬ তারিখ পর্যন্ত মোট ৪টি ভিজিলেন্স টাস্কফোর্সের অভিযান পরিচালনা করা হয়েছে। এ মন্ত্রণালয়ের ওয়েবসাইটে ৩টি অভিযানের প্রতিবেদন আপলোড করা হয়েছে। অন্যটি প্রক্রিয়াধীন। উপসচিব (প্রশাসন) বলেন, মন্ত্রণালয় হতে গত ০৪/০৯/২০১৬ তারিখে এ মন্ত্রণালয়ের উপসচিব জনাব আক্তারুজ্জামান ও সিনিয়র সহকারী সচিব জনাব অহিদুল ইসলাম এর অনুকূলে মোবাইল কোর্ট পরিচালনার ক্ষমতা প্রদানের জন্য জনপ্রশাসন মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করা হয়েছে। সভাপতি ভিজিলেন্স টাস্কফোর্সের আপলোডকৃত প্রতিবেদন নিয়মিত দেখে এ বিষয়ে তাদের ফিডব্যাক জানানোর জন্য মন্ত্রণালয়ের সকল কর্মকর্তাকে পরামর্শ প্রদান করেন। | ক) ভিজিলেন্স টাস্কফোর্সের অভিযান সংক্রান্ত প্রতিবেদন নিয়মিত ওয়েবসাইটে আপলোড করতে হবে।<br><br>খ) ভিজিলেন্স টাস্কফোর্সের অভিযান সংক্রান্ত প্রতিবেদনের বিষয়ে কোন পর্যবেক্ষণ/ মতামত থাকলে তা সভাকে অবহিত করতে হবে। | যুগ্মসচিব (মনিটরিং ও এনফোর্সমেন্ট) ও সকল কর্মকর্তা |
| ২.৫ অনিষ্পন্ন বিষয় | ১. মন্ত্রণালয়ের কাছে দপ্তর/সংস্থার পেন্ডিং তালিকা সমন্বয় শাখায় প্রেরণ করতে হবে।<br>২. দপ্তর/সংস্থার কাছে এ মন্ত্রণালয় কোন অনুবিভাগের কয়টি পেন্ডিং তার তালিকা সমন্বয় শাখায় প্রেরণ করতে | উপসচিব (প্রশাসন) জানান, বিএমইটি হতে জুলাই ২০১৬ সালে মন্ত্রণালয়ের কাছে অনিষ্পন্ন বিষয়ের তালিকা পাওয়া গিয়েছে। উক্ত তথ্য মতে সর্বমোট ২৫টি অনিষ্পন্ন পত্রের মধ্যে মন্ত্রণালয়ের নিকট ২৪টি বিষয় পেন্ডিং আছে। সভাপতি বলেন, মন্ত্রণালয়ের ও দপ্তর/সংস্থার মধ্যে কোন বিষয় পেন্ডিং থাকলে তার তালিকা সমন্বয় সভা অনুষ্ঠিত হওয়ার দুই সপ্তাহ আগে সংশ্লিষ্ট শাখা কর্মকর্তার নিকট প্রেরণ করতে হবে এবং শাখা কর্মকর্তা | মন্ত্রণালয়/দপ্তর-সংস্থার কাছে পেন্ডিং থাকলে তালিকা সমন্বয় শাখায় প্রেরণ করতে হবে। সমন্বয় শাখা উক্ত তালিকা সংশ্লিষ্ট শাখা কর্মকর্তার নিকট প্রেরণ করবে। অনিষ্পন্ন বিষয় সংক্রান্ত সর্বশেষ অগ্রগতি সংশ্লিষ্ট শাখা সমন্বয় সভায় উপস্থাপন করবেন। | উপসচিব, সংস্থা অধিশাখা ও দপ্তর/সংস্থা প্রধান |

| আলোচ্য বিষয় | গত সভার সিদ্ধান্ত | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| | হবে। | অনিষ্পন্ন বিষয় সংক্রান্ত সর্বশেষ অগ্রগতি সমন্বয় সভায় উপস্থাপন করবেন। | | |

**দপ্তর/সংস্থা :**

**৩.০. জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো (বিএমইটি) :**

| আলোচ্য বিষয় | গত সভার সিদ্ধান্ত | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ৩.১ মামলা সংক্রান্ত | ক) মন্ত্রণালয়ের আইন সেল গঠনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | অতিরিক্ত সচিব (প্রশাসন) জানান, এ মন্ত্রণালয়ের আইসিটি শাখা এবং আইন শাখা স্থাপনের লক্ষ্যে প্রমিত জনবলের পদবিন্যাস অনুসারে পদ সৃজনে জনপ্রশাসন মন্ত্রণালয়ের সম্মতি পাওয়া গেছে। অর্থ মন্ত্রণালয়ের সম্মতির জন্য পত্র প্রেরণ করা হয়েছে। | এ মন্ত্রণালয়ের আইন সেল গঠনের কার্যক্রম ত্বরান্বিত করতে হবে। | প্রশাসন অনুবিভাগ |
| | মন্ত্রণালয়, বিএমইটি, বোয়েসেল, ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড এবং প্রবাসী কল্যাণ ব্যাংক নতুন ছকে (ছক-৪) মামলার তথ্যাদি সমন্বয় শাখায় প্রেরণ করবে। | উপসচিব (প্রশাসন) জানান, নির্ধারিত ছকে মামলা সংক্রান্ত তথ্যাদি পাওয়া গিয়েছে। সভাপতি, মামলা নিষ্পত্তির লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নির্দেশনা প্রদান করেন। | মামলা নিষ্পত্তির লক্ষ্যে কার্যকর ব্যবস্থা গ্রহণপূর্বক সমন্বয় শাখায় প্রতিবেদন প্রেরণ করতে হবে। | সংশ্লিষ্ট সকল কর্মকর্তা |

**ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড :**

| আলোচ্য বিষয় | গত সভার সিদ্ধান্ত | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ৪.১. বিদেশে মৃত কর্মীর সংখ্যা, বিদেশ থেকে মৃতদেহ আনার সংখ্যা, ক্ষতিপূরণ দেওয়ার পরিমাণ ইত্যাদি সম্পর্কে আপডেট তথ্য প্রদান | ক) নির্ধারিত ছক মোতাবেক (ছক-৫) তথ্যাদি ওয়েব সাইটে আপলোড করতে হবে। | মহাপরিচালক, ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড বলেন, নিয়মিত ওয়েবসাইটে তথ্য আপলোড করা হয়। 'প্রবাস বন্ধু' কল সেন্টার নামে একটি কল সেন্টার বাংলাদেশী প্রবাসীদের জন্য চালু করা হয়েছে। সকল শ্রম উইং এর কর্মকর্তাদের কল সেন্টারের নম্বরটি জানানো হয়েছে এবং ওয়েবাসইটে আপলোড করা হয়েছে। সভাপতি ওয়েবসাইটে প্রবাসবন্ধু কলসেন্টারের ফোন নম্বরটি স্থিরভাবে প্রদর্শনের ব্যবস্থা গ্রহণের জন্য ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের মহাপরিচালককে পরামর্শ প্রদান করেন। | ক) 'প্রবাস বন্ধু' কলসেন্টারের ফোন নম্বর ওয়েবসাইটে স্থিরভাবে প্রদর্শনসহ ব্যাপক প্রচারের ব্যবস্থা করতে হবে। | মহাপরিচালক, কল্যাণ বোর্ড |

**বোয়েসেল :**

| আলোচ্য বিষয় | গত সভার সিদ্ধান্ত | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ৫.১. বোয়েসেলের কার্যক্রম | ক) বিবেচ্য মাসে কোন কোন দেশে কোন ক্যাটাগরির কতজন কর্মী বিদেশ গমন করেছে তার বিবরণ সংসদ ও সমন্বয় শাখায় প্রেরন করতে হবে।<br>খ) প্রতি সমন্বয় সভায় নতুন শ্রমবাজার অনুসন্ধানের অগ্রগতি উপস্থাপন করতে হবে।<br>গ) আগামী অর্থ বছরে অর্থাৎ ২০১৬-২০১৭ অর্থ বছরে ১১০০০ কর্মী বিদেশে প্রেরণের লক্ষ্যমাত্রা | ব্যবস্থাপনা পরিচালক, বোয়েসেল সভাকে জানান, মালদ্বীপ ও ওমানে ডাক্তার প্রেরণসহ মিশর, মাদাগাস্কার, পোল্যান্ড ইত্যাদি দেশগুলোতে শ্রমবাজার সম্প্রসারণের পথ সুগম হয়েছে। মহাপরিচালক, বিএমইটি বলেন, সম্প্রতি লেবাননস্থ বাংলাদেশ দূতাবাস থেকে জানানো হয়েছে যে, লেবানন সরকার বাংলাদেশ থেকে কর্মী নিতে আগ্রহ প্রকাশ করেছে। বোয়েসেলের মাধ্যমে এ বিষয়ে উদ্যোগ গ্রহণ করা যেতে পারে। এছাড়াও সভাপতি বলেন, বিদেশী ওয়েবসাইটগুলোতে কর্মীর চাহিদার তথ্য দেয়া থাকে। বোয়েসেল থেকে একজন আইটি বিশেষজ্ঞ নিয়োগের মাধ্যমে বিদেশী ওয়েবসাইটগুলো থেকে কর্মীর চাহিদা সংক্রান্ত তথ্যাদি নিয়মিত সংগ্রহ করা | বিদেশী ওয়েবসাইট থেকে কর্মীর চাহিদা সংক্রান্ত তথ্যাদি সংগ্রহের জন্য একজন আইটি বিশেষজ্ঞ নিয়োগ করা যায় কিনা সে বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ব্যবস্থাপনা পরিচালক, বোয়েসেল |

| আলোচ্য বিষয় | গত সভার সিদ্ধান্ত | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| | বিষয়ে মাননীয় মন্ত্রীর অনুমোদন গ্রহণ পূর্বক বাস্তবায়ন করতে হবে। | হলে কর্মী প্রেরণসহ শ্রমবাজার সম্প্রসারণের পথ আরও সুগম হবে। বোয়েসেল থেকে এ সংক্রান্ত কাজের জন্য একজন আইটি বিশেষজ্ঞ নিয়োগ দেয়া যায় কিনা সে বিষয়ে ব্যবস্থা গ্রহণের জন্য সভাপতি বোয়েসেলের ব্যবস্থাপনা পরিচালকের দৃষ্টি আকর্ষণ করেন। | | |

**৬. বিবিধ :**

**৬.১ <u>এ মন্ত্রণালয় সংক্রান্ত স্থায়ী কমিটির সিদ্ধান্ত বাস্তবায়ন</u>** ঃ উপসচিব (প্রশাসন) জানান, গত ১৮-০৮-২০১৬ তারিখ প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান সংক্রান্ত স্থায়ী কমিটির সভায় গৃহীত একটি সিদ্ধান্ত নিম্নরূপ :

**"মালয়েশিয়ায় কর্মী প্রেরণ নিষেধাজ্ঞা প্রত্যাহার না হওয়া পর্যন্ত এবং প্রেরণ নিশ্চিত না হওয়া পর্যন্ত এ সংক্রান্ত আলোচনা বা বক্তব্য পরিহার করার সিদ্ধান্ত গ্রহণ।"**

প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান সংক্রান্ত স্থায়ী কমিটি কর্তৃক গৃহীত উপরোক্ত সিদ্ধান্তটি অনুসরণ করার জন্য সকলকে অনুরোধ করা হয়।

**<u>৬.২ সম্মেলন কক্ষে মাল্টিমিডিয়া স্থাপন সংক্রান্ত</u> ঃ** মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষে একটি আধুনিক মাল্টিমিডিয়া স্থাপন করতে হবে।

৬.৩ **<u>আন্তর্জাতিক অভিবাসী দিবস উদযাপন</u>** ঃ আন্তর্জাতিক অভিবাসী দিবস উপযাপন উপলক্ষ্যে মূল কমিটির পরবর্তী সভার পূর্বেই সকল উপকমিটিকে প্রয়োজনীয় প্রস্তুতি সম্পন্ন করার নির্দেশনা প্রদান করা হয়।।

৬.৪ **<u>নিকস ফন্ট ব্যবহার নিশ্চিতকরণ</u>** ঃ উপসচিব (প্রশাসন) বলেন, মন্ত্রণালয়/বিভাগ ও দপ্তর/সংস্থায় Nikosh ফন্ট ব্যবহারের বিষয়ে মন্ত্রিপরিষদ বিভাগ হতে সচিব সভায় সিদ্ধান্ত গৃহীত হয়েছে এবং রাষ্ট্রপতির কার্যালয়, প্রধানমন্ত্রীর কার্যালয়, জাতীয় সংসদ সচিবালয় ও মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরিতব্য সকল প্রতিবেদনে Nikosh ফন্ট ব্যবহার বাধ্যতামূলক। এ বিষয়ে সমন্বয় শাখা হতে চাহিত সকল প্রতিবেদনে Nikosh ফন্ট ব্যবহারের বিষয়ে দপ্তর/সংস্থাকে বারবার অনুরোধ করা হলেও অনেকক্ষেত্রে তা অনুসরণ করা হচ্ছে না। ফলে জাতীয় গুরুত্বপূর্ণ প্রতিষ্ঠানসমূহে তথ্যাদি প্রেরণে সমস্যার সম্মুখীন হতে হয়। নিকস ফন্ট ব্যবহারের বিষয়ে মন্ত্রণালয় ও আওতাধীন দপ্তর/সংস্থায় কর্মরতদের প্রশিক্ষণ প্রদান করতে হবে। সভাপতি এ বিষয়ে দপ্তর/সংস্থার প্রধানসহ সকলের দৃষ্টি আকর্ষণ করেন।

৬.৫ **<u>যথাসময়ে প্রতিবেদন প্রেরণ</u>** ঃ উপসচিব (প্রশাসন) বলেন, সমন্বয় সভার যথাযথ তথ্য, মন্ত্রিপরিষদ বিভাগের মাসিক প্রতিবেদন, অভিযোগ নিষ্পত্তি সংক্রান্ত তথ্যাদিসহ জাতীয় সংসদে মাননীয় প্রধানমন্ত্রী ও মাননীয় মন্ত্রীর প্রশ্নোত্তর প্রেরণে প্রয়োজনীয় তথ্যাদি চাহিত সময়ের মধ্যে যথাযথ অনুশাসন অনুসরণপূর্বক সমন্বয় শাখায় প্রেরণ নিশ্চিত করা প্রয়োজন। বিষয়টি গুরুত্ব সহকারে গ্রহণ করার জন্য সভাপতি সকলের দৃষ্টি আকর্ষন করেন।

অত:পর আর কোন আলোচ্যসূচী না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

স্বাক্ষরিত/

(বেগম শামছুন নাহার)
সচিব
প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়